

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এক ব্যক্তি ঘুম থেকে উঠে সেহেরী খেল। অতঃপর জানতে পারল যে, তাঁর খাওয়াটা ফজরের আযানের পর হয়েছে। সুতরাং তাঁর রোযা কি শুদ্ধ হবে?

আযান সঠিক সময়ে হয়ে থাকলে এবং সে আযান হয়ে গেছে---এ কথা না জানলে তাঁর রোযা শুদ্ধ। কারণ আজান্তে বা ভুলে অনিচ্ছাকৃতভাবে পানাহার করে ফেললে রোযার ক্ষতি হয় না। মহানবী (সঃ) বলেছেন, "যে রোযাদার ভুলে গিয়ে পানাহার করে ফেলে, সে যেন তাঁর রোযা পূর্ণ করে নেয়। এ পানাহার তাকে আল্লাহ্ই করিয়েছেন।"২৬৮ (বুখারি ১৯৩৩, মুসলিম ১১৫৫, আবূ দাউদ ২৩৯৮, তিরমিয়ী, দারেমী, ইবনে মাজাহ ১৬৭৩, দারাকুত্বনী, বাইহাকী ৪/২২৯, আহমাদ ২/৩৯৫, ৪২৫, ৪৯১, ৫১৩)

আসমা বিন্তে আবী বাকর (রঃ) বলেন, "নবী (সঃ) এর যুগে একদা আমরা মেঘলা দিনে ইফতার করলাম। তারপর সূর্য দেখা গেল।" ২৬৯ (বুখারী ১৯৫৯, আবূ দাউদ ২৩৫৯, ইবনে মাজাহ ১৬৭৪ নং) এই অবস্থায় রোযা কায়া করার নির্দেশ দেওয়া হয়নি। তাঁর মানে রোযা শুদ্ধ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=205

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন